

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৯০৮  
আগরতলা, ২০ ফেব্রুয়ারি, ২০২৪

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

**আগামীকাল আগরতলা টাউনহলে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন**

প্রতিবছরের ন্যায় এবছরও রাজ্যে আগামীকাল ২১ ফেব্রুয়ারি যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে রাজ্য সরকারের শিক্ষা দপ্তর এবং বাংলাদেশ সহকারী হাই কমিশনের যৌথ উদ্যোগে আগরতলা টাউনহলে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভাল হেমেন্দ্র কুমার এ সংবাদ জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ইউনেস্কোর প্রস্তাব অনুযায়ী এবছর আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মূল ভাবনা হচ্ছে ‘মাল্টিলিঙ্গুয়েল এডুকেশন ইজ এ পিলার লার্নিং’ অর্থাৎ ‘বহুভাষিক শিক্ষা আন্তঃপ্রজন্মীয় শিখনের ভিত্তি’।

সাংবাদিক সম্মেলনে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব জানান, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে আগামীকাল ২১ ফেব্রুয়ারি সকাল ৭টায় আগরতলা টাউন হলের সামনে থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। বিভিন্ন বিদ্যালয়, মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষা দপ্তর ও অন্যান্য দপ্তরের আধিকারিক ও কর্মচারি সহ বাংলাদেশ সহকারী হাইকমিশনের আধিকারিক ও কর্মচারি এবং রাজ্যের বিভিন্ন ভাষাভাষী জনগণ এই শোভাযাত্রার অংশ গ্রহণ করবেন। শোভাযাত্রাটি আগরতলা টাউন হলের সামনে থেকে শুরু হয়ে উত্তর গেট-কর্ণেল চৌমুহনী-বিদুরকর্তা চৌমুহনী-লক্ষ্মীনারায়ণ বাড়ি হয়ে টাউন হলে এসে শেষ হবে। সকাল ৯টায় আগরতলা টাউন হলে উদ্বোধন হবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠান। অনুষ্ঠানে উদ্বোধক তথা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ সহকারী হাইকমিশনের সহকারী হাইকমিশনার আরিফ মোহাম্মাদ। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা।

\*\*\*\*\*